# রমযান বিষয়ে জাল ও দুর্বল হাদিসসমূহ

হাদিস নাম্বারঃ ৯

১/ বিবিধ হাদিসসমূহ

আরবী

বাংলা

নয়.

عَنْ عَامِرِ بْنِ مَسْعُودٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : "الْغَنِيمَةُ الْبَارِدَةُ الصَّوْمُ فِي الشِّتَاءِ " .

আমের ইবনু মাসউদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন: “শীতকালীন সওম হচ্ছে ঠাণ্ডা গনিমত”। অর্থাৎ কষ্টহীন পূণ্য। হাদিসটি দুর্বল।

১. এ হাদিস ইবনু মাসউদ থেকে আহমদ: (৪/৩৩৫), তিরমিযি: (৭৯৪), ইবনু মাজাহ: (৩/৩০৯) প্রমুখগণ বর্ণনা করেছেন। এ সনদে দু’টি ইল্লত: নুমাইর ইবনু আরিব অপরিচিত। দ্বিতীয়ত হাদিসটি মুরসাল।

২. আনাস থেকে তাবরানি ফিল কাবির: (৭১৬), শাজারি তার আমলি গ্রন্থে: (২/১১১) এবং ইবনু আদি: (৩/১২১০) বর্ণনা করেছেন। এ সনদে তিনটি ইল্লত: সায়িদ ইবনু বাশীর আযদি দুর্বল। ওলিদ ইবনু মুসলিম ’আনআনা’ দ্বারা বর্ণনা করেছে, এবং হাদিসটি মওকুফ।

৩. জাবের থেকেও ইবনু আদি বর্ণনা করেছেন: (৩/১০৭৫), এ সনদে চারটি ইল্লত: আব্দুল ওয়াহহাব বালখি, সে হাদিসের ক্ষেত্রে পরিত্যক্ত, বরং আবি হাতেম তাকে মিথ্যুক বলেছেন। ওলিদ ইবনু মুসলিমের ’আনাআনা’। শামিদের থেকে বর্ণনার ক্ষেত্রে জুহাইর ইবনু মুহাম্মদ তামিমির দুর্বলতা, আর এটা সে শামিদের থেকেই। সনদের বৈপরিত্ব। দেখুন: যাখিরাতুল হুফ্‌ফাজ: (৩৪৩৭), আসনাল মাতালেব: (৮৩৬), তাবইদুস সাহিফা: (২৮),

অনুরূপ আরেকটি হাদিস:

( الشتاء ربيع المؤمن).

“শীতকাল হচ্ছে মুমিনের বসন্তকাল”। হাদিসটি দুর্বল, কিন্তু তার অর্থ সঠিক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22484

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন